

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৫১০০.০১৭.৯৯.০০১.১৬-০২


তারিখ : ০৫ মাঘ, ১৪২৪
১৮ জানুয়ারি, ২০১৮

বিষয় : লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলার বামনী ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে
তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, লক্ষ্মীপুর কার্যালয়ের, পত্র নং-৫৮৮, তারিখ : ১১/১২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলার বামনী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- বিদ্যমান অবকাঠামোগত ও যোগাযোগ সুবিধাদি চিহ্নিত করে প্রস্তাবিত স্থানের স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে) এবং
- ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে ইইপি সভার সকল সদস্যদের স্বাক্ষরিত সত্যায়িত কার্যবিবরণী প্রেরণ (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত)।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
লক্ষ্মীপুর।

অনুলিপি :

- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।